

লিভার ট্রান্সপ্ল্যান্টেশন - স্বপ্ন হলো সত্যি

প্রারম্ভ কথাঃ

- ১৯৫৫ সালে ডাঃ ওয়েলশ প্রথম কুকুরের দেহে লিভার ট্রান্সপ্ল্যান্টেশন করেন আর মানবদেহে প্রথম সফল লিভার ট্রান্সপ্ল্যান্টেশনের কৃতিত্ব প্রফেসর স্ট্রীজলের ১৯৬৩ সালে।
- আজ বিশ্বে প্রতি বছর ১০ হাজারেরও বেশী সফল লিভার ট্রান্সপ্ল্যান্টেশন হচ্ছে, এমনকি হচ্ছে প্রতিবেশী ভারতেও।

কিভাবে করা হয়?

- মানুষের শরীরে কিডনী দুইটি - এর একটি কেটে নিয়ে একজন কিডনী রোগীর দেহে প্রতিস্থাপন করাই যে কিডনী ট্রান্সপ্ল্যান্টেশন তা আমাদের সবারই জানা।
- প্রশ্ন জাগে লিভার ট্রান্সপ্ল্যান্টেশনটা কিভাবে করা হয়, কারণ শরীরে সবেধন নীলমনি লিভার তো একটাই।
- এক্ষেত্রে যা করা হয় তা হলো একজন মৃত ব্যক্তি বা একজন সুস্থ ব্যক্তির লিভারের খানিকটা কেটে নিয়ে একজন লিভার রোগীর শরীরে জুড়ে দেয়া হয়।
- এটা সম্ভব হয় এ কারণে যে, লিভারের রয়েছে এক অসাধারণ ক্ষমতা- আর তা হলো রিজেনারেশন বা ধীরে ধীরে আগের আকৃতিতে ফিরে যাওয়া, ঠিক যেমনটি বলা হয়েছে গ্রীক পুরানের প্রমিথিউসের গল্পে।
- কিডনী ট্রান্সপ্ল্যান্টেশনের সাথে লিভার ট্রান্সপ্ল্যান্টেশনের আরও একটি বড় পার্থক্য এই যে এক্ষেত্রে টিস্যু ম্যাচিং-এর তেমন কোন ঝঙ্কি নেই।
- ঠিক যেমনটি নেই লিভার ট্রান্সপ্ল্যান্টেশনের পর কঠিন কঠিন সব ইমিউনোসাপ্রেসিভ ওষুধ ব্যবহারের দরকারও, ফলে লিভার ট্রান্সপ্ল্যান্টেশনের রোগী অপারেশনের পর প্রায় স্বাভাবিক জীবন যাপন করতে পারেন।

কখন করতে হবে?

- লিভার ট্রান্সপ্ল্যান্টেশন মূলতঃ করা হয় ডিকমপেনসেটেড লিভার সিরোসিসের রোগীদের, অর্থাৎ যে সমস্ত লিভার সিরোসিসের রোগীদের জন্ডিস, পেটে পানি আসা, অজ্ঞান হওয়া বা রক্ত বমির মতন উপসর্গ দেখা দিয়েছে তারাই এই চিকিৎসা গ্রহণের উপযুক্ত।
- পাশাপাশি লিভার ক্যান্সার যদি লিভারের বাইরে ছড়িয়ে না গিয়ে থাকে এবং লিভার ফেইলিওরের রোগীদেরও লিভার ট্রান্সপ্ল্যান্টেশন করা হয়ে থাকে।

লিভার ট্রান্সপ্ল্যান্টেশনের ফলাফল

- লিভার ট্রান্সপ্ল্যান্টেশনের পর ন্যূনতম ৯০ ভাগ রোগী কমপক্ষে ৫ বছর বেচে থাকেন।
- অধিকাংশ ক্ষেত্রেই এই মেয়াদ আরো অনেক বেশী লম্বা।
- অন্যদিকে লিভার ট্রান্সপ্ল্যান্টেশন ছাড়া ডিকমপেনসেটেড লিভার সিরোসিসের মৃত্যুর হার ৩ বছরের মধ্যে ৭০ ভাগ।

প্রচারে :



লিভার কেয়ার এন্ড রিসার্চ সেন্টার, বাড়ী নং- ৮/এ, রোড নং-১৪ (নতুন), ধানমন্ডি, ঢাকা-১২০৯
(সোবহানবাগ মসজিদের পশ্চিমে)

ফোরাম ফর দি স্টাডি অব দি লিভার, রুম নং-৬ (দ্বিতীয় তলা), বনানী সুপার মার্কেট
কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা-১২১৩

মোবাইলঃ ০১৯৭০৮০৮০২৯, ই-মেইল: <fsliver.bd@gmail.com>

ওয়েব সাইটঃ www.liverforumbd.org